

২০২১

দ্বিতীয় সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-4

[বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ]

পূর্ণমান - ৬৫

প্রাস্তুলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) লালন ফকিরের পাঠ্য পদটি অবলম্বনে লালন ফকিরের সময়বাহী জীবনদর্শনের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০
- অথবা,
- (খ) শঙ্খ ঘোষের 'বাবরের প্রার্থনা' ইতিহাসের অনুসঙ্গে সমকালের প্রার্থনা, ব্যক্তিসংকটের আধারে বৃহত্তর সামাজিক সংকটের পরিচয়।— মন্তব্যটির যথার্থ্য নিরূপণ করো। ১০
- ২। (ক) 'কপালকুণ্ডলা' কোন শ্রেণির রচনা, তা যুক্তিসহ বিচার করো। ১০
- অথবা,
- (খ) 'অভাগীর স্বর্গ' গল্পে সমকালীন যে সমাজচিত্র লেখক বর্ণনা করেছেন তা নিজের ভাষায় আলোচনা করো। ১০
- ৩। (ক) "নীলদর্পণ বিদ্রোহের দর্পণ নয়, অত্যাচারের দর্পণ।"— 'নীলদর্পণ' নাটকের বিষয়বস্তু আলোচনা করে এ মন্তব্যের যথার্থ্য বিচার করো। ১০
- অথবা,
- (খ) 'বইপড়া' প্রবন্ধে প্রাবন্ধিক প্রমথ চৌধুরী বই পড়ার প্রয়োজনীয়তা ও আবশ্যিকতা বিষয়ে যে সুনিশ্চিত মতামত তুলে ধরেছেন তা সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৪। (ক) লুই পা রচিত পাঠ্যপদটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) তাৎপর্য বিশ্লেষণ করো— এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য, তবু শেষ সত্য নয়। ৫
- ৫। (ক) "যদি জানিতাম যে স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না" — কে, কাকে একথা বলেছে? একথা বলার কারণ কী? ১+১+৩
- অথবা,
- (খ) "আরে না না উইঠো না। জানটারে দিবা নাকি?" — কে, কাকে এ-কথা বলল? এই উক্তির মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন দিকটি প্রকাশিত হয়েছে? ১+১+৩

Please Turn Over

- ৬। (ক) “আল্লা! বড়বাবু মোরে এতবার বাঁচালে মুই বড়বাবুরি অ্যাকবার বাঁচাতি পাল্লাম না” — এ আক্ষেপ কার? কোন পরিস্থিতিতে, কেন সে আক্ষেপ করেছে? ১+২+২

অথবা,

- (খ) “ ‘সুন্দর-অসুন্দর’ — জীবন-নদীর এই দুই টান” — ব্যাখ্যা করো। ৫
- ৭। যে-কোনো একটির উত্তর দাও। ৫×১
- (ক) “ফাঁসির মধ্যে গেয়ে গেল যারা জীবনের জয়গান” — কারা, কীভাবে ফাঁসির মধ্যে জীবনের জয়গান গেয়েছেন?
- (খ) লক্ষ্যকর্ণের চেহারা ও স্বভাবের সংক্ষিপ্ত বর্ণনা দাও।
- (গ) আমেরিকায় নারী বিপ্লবের আন্দোলনে Frances Wright-এর ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

- (ক) চর্যাপদের আদি সিদ্ধাচার্যের নাম লেখো।
- (খ) রবীন্দ্রনাথের ‘বলাকা’ কবিতাটি কোন কাব্যগ্রন্থে অন্তর্ভুক্ত হয়েছে?
- (গ) ‘কাণ্ডারী’ শব্দের অর্থ কী?
- (ঘ) ‘সুচেতনা’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?
- (ঙ) ‘অবনী বাড়ি আছো’ কবিতায় কে দুয়ার চেপে ধরে?
- (চ) ‘দেশ দেখাচ্ছ অন্ধকারে’ কবিতায় কোন দুটি ব্রতকথার উল্লেখ করা হয়েছে?
- (ছ) “আহা কী দেখিলাম জন্ম-জন্মান্তরেও ভুলিব না!” — কী দেখিয়া এমন উক্তি?
- (জ) “পথিক, তুমি পথ হারাইয়াছ” — ‘পথিক’ কে?
- (ঝ) ‘অভাগীর স্বর্গ’ গল্পে কোন নদীর উল্লেখ আছে?
- (ঞ) চরণদাস এম.এল.এ.-কে সাধারণ মানুষ কী নামে ডাকত?
- (ট) রাইচরণের কোন জমিতে আমিন নীলের দাগ দিয়েছিল?
- (ঠ) “এরা সাহেবদের চণ্ডাল” — কাদের সম্পর্কে বলা হয়েছে?
- (ড) *Vindication of the Rights of Women* গ্রন্থটির লেখক কে?
- (ঢ) “মেঘদূত হইতে আমরা একটি তথ্য লাভ করিয়া বিস্ময়ে পুলকিত হইয়াছি” — প্রাবন্ধিক এখানে কোন তথ্যের কথা বলেছেন?
- (ণ) ‘সৌন্দর্যের সন্ধান’ প্রবন্ধটি অবনীন্দ্রনাথ ঠাকুরের কোন গ্রন্থ থেকে সংগৃহীত?